# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩৫৯

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس )

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَن أبي رِمْثَةَ التيميِّ قَالَ: أَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَلَيْهِ ثَوْبَانِ أَخْضَرَانِ وَلَهُ شَعَرٌ قَدْ عَلَاهُ الشَّيْبُ وَشَيْبُهُ أَحْمَرُ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَفِي رِوَايَةٍ لِأَبِي دَاوُدَ: وَهُوَ ذُو وَفْرَةٍ وَبِهَا رَدْعٌ من حناء

বাংলা

৪৩৫৯-[৫৬] আবূ রিমসাহ্ আত্ তায়মী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এলাম, তখন তিনি সবুজ বর্ণের দু’টি কাপড় পরিহিত অবস্থায় ছিলেন। সে সময় তাঁর চুলে (কিয়দংশে) বার্ধক্য প্রকাশ পাচ্ছিল। তবে তাঁর বার্ধক্য চিহ্ন ছিল লাল আভায়। (তিরমিযী)[1]

আর আবূ দাঊদ-এর বর্ণনায় আছে, তিনি ছিলেন বাবরি চুলবিশিষ্ট এবং তা ছিল মেহেদীতে রঞ্জিত।

ফুটনোট

[1] সহীহ : তিরমিযী শামায়িলে মুহাম্মাদিয়্যাহ্ ৪৩, শারহুস্ সুন্নাহ্ ৩০৯১, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৮১৭৬, তাহক্বীক মুসনাদে আহমাদ ৭১০৯, সহীহ ইবনু হিব্বান ৫৯৯৫, আল মু‘জামুল আওসাত্ব ৯২৬০।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (ثَوْبَانِ أَخْضَرَانِ) দ্বারা সবুজ রঙে রঞ্জিত কাপড়কে বুঝানো হয়েছে। আর জান্নাতের অধিবাসীদের অধিকাংশের পোশাকও হবে এই রঙের। আল্লাহ তা‘আলা বলেনঃ

عَالِيَهُمْ ثِيَابُ سُنْدُسٍ خُضْرٌ

“তাদের আবরণ হবে চিকন সবুজ রেশম”- (সূরাহ্ আদ্ দাহর/আল ইনসান ৭৬ : ২১)। চোখে দেখার জন্য সবুজ

রং সর্বাধিক উপকারী এবং দর্শকদের চোখে তা খুবই সুন্দর। আল ইসাম বলেন, এখানে দুটি কাপড় দ্বারা লুঙ্গি ও চাদর বুঝানো হয়েছে। (তুহফাতুল আহ্ওয়াযী ৭ম খন্ড, হাঃ ২৮১২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ রিমসাহ্ আত্ তায়মী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75083

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন